THE
LAW
COUNSEL
BARRISTERS AND ADVOCATES



তারিখঃ ১৫ ডিসেম্বর, ২০১৮

## লিগ্যাল নোটিশ (রেজিস্টার্ড এ/ডি সহ)

প্রাপকঃ

**জনাব কামাল আহমেদ মজুমদার**
মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ।

১. ঠিকানা
ভবন নং ০২, ফ্ল্যাট নং ৪০১,
সংসদ  সদস্য ভবন, নাখালপাড়া,
তেজগাঁও, ঢাকা।

২. ঠিকানা
মোহনা ভবন,
মোহনা টেলিভিশন লিঃ,
প্লট নং ০৮, রোড নং ০৪, সেকশন- ০৭,
পল্লবী, ঢাকা- ১২১৬

৩. ঠিকানা
বাড়ী নং ১২৭, ব্লকঃ- ই, রোড নং এ/১৯
বনানী, ঢাকা।

প্রেরকঃ
জনাব মোঃ আসাদ উদ্দিন
এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা।

চেম্বার
৬০৫, এনেক্স এক্সটেনশন ভবন,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা-  ১০০০।
মোবাইলঃ ০১৭৩৫৮৬৫০০৮

পক্ষেঃ
**জনাব ডাঃ মোঃ শফিকুর রহমান**
সংসদ সদস্য প্রার্থী
১৮৮, ঢাকা- ১৫।

বিষয়ঃ লিগ্যাল নোটিশ।

জনাব

আমার মক্কেল জনাব ডাঃ মোঃ শফিকুর রহমান, সংসদ সদস্য প্রার্থী ১৮৮, ঢাকা- ১৫, কর্তৃক নির্দেশনা পেয়ে নিম্নোক্ত লিগ্যাল নোটিশ প্রেরণ করছিঃ

১। আমার মক্কেল জনাব ডাঃ মোঃ শফিকুর রহমান আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা - ১৫ আসনে (জাতীয় সংসদ আসন নং ১৮৮) ২০ দলীয় জোটের মনোনীত প্রার্থী। তিনি বিধি মোতাবেক নির্বাচন কমিশন তাঁকে ধানের শীষ প্রতীক বরাদ্দ দিয়েছে।

২। তিনি বাংলাদেশ জামায়াত ইসলামীর সেক্রেটারি জেনারেল।সজ্জন ব্যক্তি হিসেবে সকলের নিকট পরিচিত। তিনি সিলেটের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেছেন। তিনি আইনের শাসন ও গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল। তিনি বিশ্বাস করেন মত প্রকাশের সাংবিধানিক অধিকার সকলের জন্য সমভাবে প্রযোজ্য।

৩। বিগত ১০ ডিসেম্বর সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেসবুকে আপনার একটি ভিডিও বক্তব্য প্রকাশিত হয়েছে। উক্ত ভিডিও বক্তব্যে আপনি বলেছেন, "সে কুখ্যাত রাজাকারকে এখান থেকে মনোনয়ন দেয়া হয়েছে...........বিএনপি কাউকে খুঁজে না পেয়ে একজন রাজাকারকে এ এলাকায় মনোনয়ন দেয়া হয়েছে। আমরা দীপ্ত কন্ঠে ঘোষণা করতে চাই আমরা মিরপুরের মাটিতে তাকে ঢুকতে দেব না। নেতাকর্মীদের শপথ নিতে হবে, যেখানে আমরা রাজাকারদের পাব একটা একটা করে ধরে আইনের হাতে সোপর্দ করব। আমরা তাকে অবাঞ্ছিত ঘোষণা করছি। কাজেই আমাদের নেতা কর্মীর মনে রাখতে হবে রাজাকাররা যাতে এ এলাকায় ঘাঁটি না গাড়তে পারে"।

৪। উপরিউক্ত বক্তব্যে আপনি আমার মক্কেল জনাব ডাঃ মোঃ শফিকুর রহমান- কে রাজাকার হিসেবে আখ্যায়িত করেছেন। অধিকন্তু তিনিসহ তাঁর নেতা কর্মীদের নির্বাচনী এলাকায় ঢুকতে না দেওয়ার হুমকি দিয়েছেন।

৫। আপনার উল্লেখিত বক্তব্য অবমানানাকর ও মানহানিকর। আপনি জেনেশুনে আমার মক্কেলকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে উল্লেখিত মানহানিকর বক্তব্য প্রদান করেছেন যা বাংলাদেশ দণ্ডবিধির ধারা ৫০০- এর অধীন দণ্ডনীয় অপরাধ।

৬। নির্বাচনী এলাকায় ঢুকতে না দেওয়ার প্রতীজ্ঞা ও আইনের হাতে সোপর্দ করার ঘোষণার মাধ্যমে আপনি আমার মক্কেলের নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে ভয়ভীতি প্রদর্শন করেছেন যা দণ্ডবিধির ৫০৬ ধারার অধীন শাস্তিযোগ্য অপরাধ।

৭। এহেন পরিস্থিতিতে আপনি অত্র নোটিশ প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে আপনার বক্তব্য প্রত্যাহারপূর্বক জনসম্মুখে ক্ষমা চাইবেন। অন্যথায় আপনার বিরুদ্ধে আমার মক্কেল উপযুক্ত আদালতে আইনগত ব্যবস্থা গ্রহণে বাধ্য হবেন।

অত্র নোটিশের কপি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য আমার সেরেস্তায় সংরক্ষণ করা হল।

ধন্যবাদান্তে

Md. Asad uddin

**মোঃ আসাদ উদ্দিন**

এডভোকেট,বাংলাদেশ সুপ্রীম কোর্ট